কালের কণ্ঠ

তারিখ 24 NOV 2016
পৃষ্ঠা ২০ কলাম ৩

# ২৫ কলেজের এমপিও বন্ধের নির্দেশ

## শিক্ষার্থী না থাকা কলেজের অনুমোদনও বাতিল হচ্ছে

নিজস্ব প্রতিবেদক ▷

চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষায় কোনো শিক্ষার্থী পাস করেনি—এমন ২৫টি কলেজের এমপিও বন্ধের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এ ছাড়া উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতির পর শিক্ষার্থী ভর্তি হয়নি এমন শিক্ষাপ্রতিষ্ঠানের ওই অনুমোদন বাতিলেরও নির্দেশ দেওয়া হয়েছে।

গতকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (মাধ্যমিক) এ কে এম জাকির-হোসেন ভূঞা স্বাক্ষরিত এক পরিপত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) অধিদপ্তরের মহাপরিচালক ও শিক্ষা বোর্ডগুলোকে এই নির্দেশ দেওয়া হয়।

এ ছাড়া শিক্ষাপ্রতিষ্ঠানের নতুন অনুমোদন ও পাঠদানের অনুমতির বিষয়ে কড়াকড়ি আরোপ করা হয়েছে। যেসব শিক্ষাপ্রতিষ্ঠানের নিম্নমাধ্যমিক পর্যায় অনুমোদনপ্রাপ্ত, সেসব শিক্ষাপ্রতিষ্ঠান এরই মধ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করা হয়েছে বলেও পরিপত্রে উল্লেখ করা হয়েছে।

পরিপত্রে বলা হয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর পাঠদানের অনুমতির ক্ষেত্রে যেখানে

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ৫

## ২৫ কলেজের এমপিও

▶▶ শেষ পৃষ্ঠার পর

প্রাপ্যতার তুলনায় প্রতিষ্ঠানের সংখ্যা বেশি আছে সেখানে নতুন করে শিক্ষাপ্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি দেওয়া হবে না। তবে অনগ্রসর, চরাঞ্চল, দুর্গম এলাকার সামগ্রিক বিষয় বিবেচনা করে মন্ত্রণালয় সিদ্ধান্ত গ্রহণ করবে। আর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোর পাঠদানের ক্ষেত্রে যেখানে প্রাপ্যতার তুলনায় প্রতিষ্ঠানের সংখ্যা কম আছে সেখানে শিক্ষাপ্রতিষ্ঠানের পাঠদানের বিষয়ে মন্ত্রণালয় সিদ্ধান্ত গ্রহণ করবে। মন্ত্রণালয়ের অনুমোদন ছাড়া কোনো শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপন করা যাবে না।

আরো বলা হয়, শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন ছাড়া কোনো শিক্ষাপ্রতিষ্ঠানকে বাংলাদেশ শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) ইআইআইএন নম্বর দেবে না। পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত এ আদেশ বহাল থাকবে বলে পরিপত্রে উল্লেখ করা হয়।

গত ১৮ আগস্ট প্রকাশিত এইচএসসি ও সমমানের পরীক্ষায় আটটি সাধারণ বোর্ড, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের অধীন মোট আট হাজার ২৯৪টি প্রতিষ্ঠানের মধ্যে শূন্য পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ২৫টি।